অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্কুলগুলির জন্য মানসিক স্বাস্থ্য রিসোর্স কেন্দ্রের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার তহবিল ঘোষণা করলেন

তহবিলটি শিশু ও পরিবারসমূহকে তাদের প্রয়োজনীয় আচরণগত স্বাস্থ্যসেবা পেতে সাহায্য করার জন্য গভর্নরের উদ্যোগ ও প্রস্তাবনার লম্বা তালিকার সর্বশেষ সংযোজন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্কুলের জন্য মানসিক স্বাস্থ্য রিসোর্স ও প্রশিক্ষণ কারিগরি সহায়তা কেন্দ্র (Mental Health Resource and Training Technical Assistance Center for Schools) তৈরি ও সমর্থনের জন্য পাঁচ বছর মেয়াদে 2.5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে। কেন্দ্রটি নিউ ইয়র্ক স্টেটের সকল সরকারি বেসরকারি স্কুলকে সমর্থন করবে, K-12 স্বাস্থ্য পাঠ্যসূচীর অংশ হিসেবে মানসিক স্বাস্থ্য শিক্ষা প্রদানে সহায়তা করবে।

"মহামারী সকল নিউ ইয়র্কবাসীর জন্য জীবন কঠিন করেছে, যার মধ্যে কমবয়সীরাও আছে যারা গত দুই বছরে অনেক কিছু সহ্য করেছে," **গভর্নর হোকল বলেন।** "তহবিলটি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে নিউ ইয়র্কের স্কুলগুলি একটি বয়স উপযোগী পাঠ্যসূচি দিয়ে আমাদের সন্তানদের মানসিক স্বাস্থ্যের ব্যাপারে শিক্ষাদান করতে পারে যা ভয় ও কলঙ্ক কমাবে এবং শিশুদেরকে তাদের পিতামাতা, কেয়ারগিভার বা শিক্ষকদের সাথে তাদের যেকোনো উদ্বেগ নিয়ে কথা বলতে উৎসাহিত করবে।"

মেন্টাল হেলথ অফিসের (Office of Mental Health, OMH) কমিশনার ডাঃ অ্যান সালিভান বলেন, "শিশু ও কমবয়সীদের মানসিক স্বাস্থ্য শিক্ষা ও সেবা প্রদানের ক্ষেত্রে নিউ ইয়র্ক দেশের শীর্ষ অবস্থানে আছে। এমনকি OMH পুরো নিউ ইয়র্ক স্টেটে 1,000টির বেশি স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিকের লাইসেন্স দিয়েছে, যা শিশু ও পরিবারসমূহের জন্য মানসিক স্বাস্থ্য সেবার উপলভ্যতা বৃদ্ধি করেছে। কিন্তু আমাদেরকে আমাদের সন্তানদের এটিও শেখাতে হবে যে মানসিক স্বাস্থ্য শারীরিক স্বাস্থ্যের মতোই গুরুত্বপূর্ণ, এবং তাদের প্রশ্ন করতে বা প্রয়োজন হলে সাহায্য চাইতে ভয় পাওয়া উচিত না। রিসোর্স কেন্দ্র আমাদের স্কুলগুলিকে সকল শিশু ও তাদের পরিবারকে এই মূল্যবান শিক্ষা প্রদানে সাহায্য করবে।"

স্কুলে মানসিক স্বাস্থ্য শিক্ষা শিশুদের মানসিক স্বাস্থ্যের উপলব্ধি উন্নত করার মাধ্যমে তাদের সার্বিক স্বাস্থ্যে একটি ইতিবাচক প্রভাব ফেলার সুযোগ প্রদান করবে। সামগ্রিক এই পন্থার কলঙ্ক

হ্রাস ও মানসিক স্বাস্থ্য ও সুস্থতা কর্মকাণ্ডকে স্বাভাবিক করার ক্ষমতা আছে এবং এছাড়াও এটি সাহায্য চাওয়ার আচরণ প্রচার করতে পারে।

স্কুলের জন্য মানসিক স্বাস্থ্য রিসোর্স প্রশিক্ষণ কারিগরি সহায়তা কেন্দ্র সকল নিউ ওয়ার্ক স্টেট সরকারি ও বেসরকারি স্কুলকে আবশ্যিক মানসিক স্বাস্থ্য নির্দেশনা দিতে সাহায্য করবে এবং স্কুলগুলিকে বিষয়বস্তু সম্পর্কে জানিয়ে এবং পাঠ্যসূচিতে মানসিক স্বাস্থ্য অন্তর্ভুক্ত করার ব্যাপারে সহায়তা করবে।

প্রস্তাবনার অনুরোধের ব্যাপারে আরো তথ্য উপলভ্য আছে এখানে OMH-র ওয়েবসাইটে।

গভর্নরের ঘোষণা হলো নিউ ইয়র্কের কমবয়সীরা যাতে তাদের প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সেবা পায় তা নিশ্চিত করতে সর্বশেষ উদ্যোগ। তার সম্প্রতি প্রকাশিত নির্বাহী বাজেট শিশুদের মানসিক স্বাস্থ্য সেবায় ব্যাপক বিনিয়োগ করে, যার মধ্যে রয়েছে:

কোভিড থেকে পুনরুদ্ধারে স্কুল কর্মসূচি: কোভিড থেকে পুনরুদ্ধারে স্কুল কর্মসূচির (Recover from COVID School Program, RECOVS) জন্য দুই বছর মেয়াদে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ, একটি নতুন স্টেট ম্যাচিং তহবিল তৈরি করতে যা সর্বাধিক চাহিদাসহ স্কুল জেলাগুলিকে অগ্রাধিকার প্রদান করবে ও সহায়তা করবে। তহবিল মানসিক স্বাস্থ্য পেশাদারদের নিয়োগ সমর্থন করবে এবং স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারিত করবে। এছাড়াও এটি গ্রীষ্মকালীন শিক্ষা সম্প্রসারণ, স্কুল পরবর্তী, সম্প্রসারিত-দিন এবং সম্প্রসারিত-বছর কর্মসূচিগুলির অর্থায়ন করবে যাতে শিক্ষার্থীরা একাডেমিক ক্ষতি পুষিয়ে নিতে পারে।

হেলদিস্টেপসনির্বাহী বাজেট তহবিল 10 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করবে। হেলদিস্টেপস (HealthyStep) শিশু বিশেষজ্ঞদের একটি শিশুর শারীরিক স্বাস্থ্যে তাদের মনোযোগ সম্প্রসারিত করে সেখানে শিশুর সামাজিক-আবেগিক এবং আচরণগত স্বাস্থ্য অন্তর্ভুক্ত করতে সাহায্য করে এবং পারিবারিক সম্পর্ক সমর্থনে সাহায্য করে। হেলদি স্টেপস শিশু ও পারিবারিক বিকাশে অভিজ্ঞতাসহ একজন মানসিক স্বাস্থ্য পেশাদার দ্বারা পরিচালিত হয় যে পরিবার ও তাদের শিশু বিশেষজ্ঞের সাথে কাজ করে প্রাথমিক কেয়ার সেটিংয়ে মানসিক স্বাস্থ্য ও ট্রমা-ইনফর্মড কেয়ার প্রদান করে।

শিশুর হেলথ প্লাস বীমা: 2023 অর্থবছরে নির্বাহী বাজেটে 11 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে (2024 অর্থবছরে বৃদ্ধি পেয়ে 44 মিলিয়ন মার্কিন ডলার হবে), শিশুর হেলথ প্লাস (Child Health Plus) বেনিফিটের সাথে মেডিকেইড (Medicaid) বেনিফিটকে জোটবদ্ধ করে শিশুদের আচরণগত স্বাস্থ্য সেবার উপলভ্যতা বৃদ্ধি করার জন্য, যার মধ্যে রয়েছে মানসিক স্বাস্থ্য ও মাদক ব্যবহার সেবা, বাড়ি ও সম্প্রদায়ভিত্তিক সেবা, মারাত্মক মানসিক রোগে আক্রান্ত ব্যক্তিদের জন্য প্রমাণভিত্তিক চিকিৎসা, এবং কমবয়সীদের জন্য আবাসিক পুনর্বাসন।

ট্রমা-ইনফর্মড কেয়ার নেটওয়ার্ক: গভর্নরের বাজেটে 10 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে নেটওয়ার্কটি সম্প্রসারণ করার জন্য এবং কোভিড-19 মহামারীসহ শিশুদের ট্রমা দিতে পারে এমন অভিজ্ঞতার ক্ষেত্রে বিশেষায়িত চিকিৎসা প্রদান করার জন্য।

শিশু এবং পরিবারের চিকিৎসা ও সমর্থন সেবা:নির্বাহী বাজেট এই কর্মসূচির তহবিল 8 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি করে। শিশু এবং পরিবারের চিকিৎসা ও সমর্থন সেবা (Children and Family Treatment and Support Services, CFTSS) অনেক ধরনের সেবাদান করে, যার মধ্যে রয়েছে কমবয়সী ও পরিবারদের সমকক্ষ সমর্থন এবং মনস্তাত্ত্বিক পুনর্বাসন, এবং এটি রোগ নির্ণয়ের পূর্বেই শিশু ও কমবয়সীদের সাথে কাজ করতে পারে, প্রতিরোধ ও চিকিৎসা উভয়ের জন্য স্বতন্ত্র ও সম্প্রদায়ভিত্তিক সমর্থন প্রদান করতে পারে।

বাড়িভিত্তিক সঙ্কট ইন্টারভেনশন: গভর্নর হোকল তহবিল বৃদ্ধির প্রস্তাবনা করেছেন (2022-23 এ 7.5 মিলিয়ন মার্কিন ডলার; 10 মিলিয়ন মার্কিন ডলার সম্পূর্ণ বার্ষিক), নতুন বাড়িভিত্তিক সঙ্কট ইন্টারভেনশন (Home-Based Crisis Intervention, HBCI) দল তৈরি এবং বর্তমান কেসলোড বৃদ্ধির জন্য যাতে প্রতি বছর 2,640 পরিবারকে সেবাদান করা যায়, যা বর্তমানের সংখ্যাকে দ্বিগুণ করবে।HBCI সঙ্কটে থাকা একটি পরিবারকে তাদের সন্তানকে মানসিক হাসপাতালে ভর্তি করার বিকল্প হিসেবে স্বল্পমেয়াদে, নিবিড়, বাড়িতেই সঙ্কট ইন্টারভেনশন সেবা প্রদান করে।

আবাসিক চিকিৎসা ফ্যাসিলিটি: ফ্যাসিলিটিগুলি আমাদের সবথেকে অসহায় এবং সর্বোচ্চ চাহিদাযুক্ত শিশুদের সেবাদান করে। গভর্নরের বাজেট তহবিল উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করবে (7.5 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিলে, ম্যাচিং ফেডারেল তহবিল দ্বারা 15 মিলিয়ন মার্কিন ডলার)।

রিজেন্টস বোর্ডের (Board of Regents) চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র বলেন, "আজকের কমবয়সীরা যে সমস্যার সম্মুখীন হয় তা নজিরবিহীন এবং সামাল দেওয়ার জন্য অনন্যভাবে কঠিন, এবং তাদের মানসিক স্বাস্থ্যে এর প্রভাব বিধ্বংসী। আমাদের স্কুলগুলিকে শিক্ষার্থী, শিক্ষক, এবং পরিবারকে মানসিক স্বাস্থ্য শিক্ষা, মানসিক স্বাস্থ্য পেশাদারি সমর্থন, এবং সামাজিক আবেগিক শিক্ষাদানে সাহায্য করা মহামারী শুরু হওয়ার পূর্বেই বোর্ড ও ডিপার্টমেন্টের একটি অগ্রাধিকার ছিলো। এই মানসিক স্বাস্থ্য রিসোর্স ও কারিগরি সহায়তা কেন্দ্র আমাদের স্কুল ও সম্প্রদায়গুলিতে মানসিক স্বাস্থ্য চিকিৎসার বৈষম্য হ্রাস করতে সাহায্য করবে।"

স্টেটের শিক্ষা কমিশনার বেটি এ. রোজা বলেন, "আমাদেরকে অবশ্যই মানসিক স্বাস্থ্যসেবা নিয়ে একটি সার্বিক উপায় চিন্তা করতে হবে যা একটি রূপান্তরকারী সম্পূর্ণ স্কুল, সম্পূর্ণ শিশু, সম্পূর্ণ সম্প্রদায় পন্থাকে সমর্থন করবে। একটি স্কুলের সকল দিকে রিসোর্স ও শিক্ষা অন্তর্ভুক্ত করা হলে তা শিক্ষার্থী ও শিক্ষকেরা যে চাপ, ট্রমা, এবং উদ্বেগের মুখোমুখি হয় তার জন্য সাংস্কৃতিকভাবে উপযুক্ত যত্ন ও সেবা প্রদানে সাহায্য করবে। আমি তহবিলটির জন্য গভর্নরের কাছে কৃতজ্ঞ এবং আমরা কমিশনার সালিভান ও তার কর্মীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাবো।"

স্টেট সিনেটর শেলি বি. মায়ার বলেন, "শিক্ষার মাধ্যমে মানসিক স্বাস্থ্যের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করলে তা কথোপকথনকে কলুষিত করে না এবং শিক্ষার্থীদের জন্য তাদের প্রয়োজনীয় সাহায্য চাওয়া সহজতর করে। আমাদের স্কুলগুলিতে মানসিক স্বাস্থ্য পাঠ্যসূচি উন্নত করতে এই

তহবিল উপলভ্য করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। মহামারী আমাদের শিক্ষার্থীদের জন্য বিশেষভাবে কঠিন ছিলো, আমাদেরকে তাদের সমর্থন করার জন্য সম্ভাব্য সব কিছু করতে হবে।"

স্টেটের সিনেটর সামরা ব্রোক বলেন, "মহামারীর সাথে সংশ্লিষ্ট সামাজিক এবং আবেগিক চাপ আমাদের কমবয়সীদের ব্যাপকভাবে বিঘ্নিত করেছে, এবং স্বাস্থ্য পরিসংখ্যানের জাতীয় কেন্দ্র অনুমান করেছে যে শুধু 2020 সালেই 6,600 কিশোর ও তরুণ আত্মহত্যা করেছে। একটি স্কুলের জন্য মানসিক স্বাস্থ্য রিসোর্স ও প্রশিক্ষণ কারিগরি সহায়তা কেন্দ্র তৈরি করার জন্য আজকের ঘোষিত 2.5 মিলিয়ন মার্কিন ডলার সঠিক দিকে একটি ধাপ। আসুন আমরা কমবয়সীদের জন্য এই অতি গুরুত্বপূর্ণ প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য রিসোর্সে বিনিয়োগ অব্যাহত রাখি, যার মধ্যে রয়েছে টেলি মানসিক স্বাস্থ্য সেবা, কর্মক্ষমতা ও সাংস্কৃতিক যোগ্যতা বৃদ্ধি করতে আমাদের মানসিক স্বাস্থ্য কর্মীবাহিনী বৃদ্ধি করা, এবং নতুন 9-8-8 মানসিক স্বাস্থ্য ও মাদক ব্যবহার সঙ্কট লাইফলাইনের মতো সঙ্কট ইন্টারভেনশন সেবা।"

অ্যাসেম্বলিওম্যান আইলিন গান্থার বলেন, "মানসিক স্বাস্থ্য যত্ন আমাদের সকল সম্প্রদায়ের জন্য অত্যাবশ্যকীয় এবং অ্যাসেম্বলিতে আমার সময়কালে আমি নিজের চোখে পর্যাপ্ত যত্ন প্রদানের সমস্যাগুলি দেখেছি। আমি গভর্নর হোকলের একটি মানসিক স্বাস্থ্য রিসোর্স এবং প্রশিক্ষণ কেন্দ্র তৈরির জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণার জন্য তার প্রশংসা করছি। আমরা জানি যে মহামারী শিশুদের মানসিক স্বাস্থ্যকে ব্যাপকভাবে প্রভাবিত করেছে, এবং স্কুলে মানসিক স্বাস্থ্য সেবার উপলভ্যতা অত্যাবশ্যকীয়। একজন নার্স ও অ্যাসেম্বলিওম্যান হিসেবে, আমি সর্বদা আমার এলাকার নাগরিকদের জন্য যা সেরা তার জন্য লড়াই করেছি। আমি এই তহবিলটি নিউ ইয়র্ক স্টেটের শিশুদের জন্য যেই ইতিবাচক প্রভাব নিয়ে আসবে তা দেখতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন